

## ডেজিং ও ডেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা নীতিমালা ২০২৪

### ১.০ ভূমিকা:

বাংলাদেশ গঙ্গা-ব্রহ্মপুত্র-মেঘনা নদীর সম্মিলিত অববাহিকায় অবস্থিত সক্রিয় বদ্বীপ রাষ্ট্র। এখানে জালের মত ছড়িয়ে আছে শতাধিক নদ-নদী। পল্ল গঠিত ভূমি বিন্যাস থাকায় বাংলাদেশের নদীসমূহ প্রচুর পরিমাণ পলি পরিবহন করে। এর ফলে ক্রমাগত পলি জমে নদ-নদীর পানি পরিবহন ও ধারণ ক্ষমতা হাস পাচ্ছে এবং তীর ভেঙ্গে নদীর প্রশস্ততা বাড়ছে। এ কারণে স্বাভাবিক পানি নিষ্কাশন ব্যবস্থা ব্যাহত হয়ে ক্রমশ বন্যার প্রকোপ বৃক্ষি পাচ্ছে। অপরদিকে, শুষ্ক মৌসুমে নদ-নদীতে ক্ষীণধারা প্রবাহিত হচ্ছে। বিবেচ্য নীতিমালাটি সুপরিকল্পিত ডেজিং এবং ডেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনার মাধ্যমে এ সকল সমস্যা সমাধানের পাশাপাশি ভূমি পুনরুদ্ধার, মৎস্য, কৃষি ও সেচ ব্যবস্থাপনার উন্নয়ন, জলাভূমির জীববৈচিত্র্য, বিভিন্ন জলজ প্রজাতির প্রজনন ও আবাসস্থল রক্ষা, জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলাসহ পরিবেশের ভারসাম্য রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এ প্রেক্ষিতে ডেজিং সম্পাদন এবং উত্তোলিত ডেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনার নিমিত্ত একটি নীতিমালা প্রণয়ন করা অত্যাবশ্যিক। উক্ত বিবেচনায় নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হল:

- ১.১ **সংক্ষিপ্ত শিরোনাম:** এ নীতিমালা “ডেজিং ও ডেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা নীতিমালা ২০২৪”  
নামে অভিহিত হবে।
- ১.২ সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা জারি করার তারিখ হতে এ নীতিমালা বলবৎ ও কার্যকর হবে।

### ২.০ সংজ্ঞা

প্রসঙ্গ পরিপন্থী কোন কিছু না থাকলে, এই নীতিমালায়-

- ২.১ ‘কর্তৃপক্ষ’ হল পানি সম্পদ মন্ত্রণালয়;
- ২.২ ‘জেলা সমষ্টি পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটি’ অর্থ বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ এর বিধি ১৪ এর আলোকে গঠিত কমিটি;
- ২.৩ ‘জরিপ’ বলতে এই নীতিমালায় -  
  - ২.৩.১ ‘টপোগ্রাফিক জরিপ’ (Topographic Survey) অর্থ কোন নির্দিষ্ট স্থানের ভূমিরূপে বিদ্যমান নদী, চর, হুদ, পাহাড়, বন ইত্যাদি ও কৃত্রিম অবকাঠামোসমূহের (রাস্তা, রেলপথ, বাড়ি-ঘর ইত্যাদি) অক্ষাংশ-দ্রাঘিমাংশ (স্থানাংক) এবং কোন স্থায়ী, নির্দিষ্ট ও স্থিতিচিহ্ন (Bench-Mark) সাপেক্ষে উচ্চতা সম্পর্কিত তথ্যাদি লিপিবদ্ধকরণ ও মানচিত্র প্রণয়ন।
  - ২.৩.২ ‘ব্যাথিমেট্রিক জরিপ’ (Bathymetric Survey) অর্থ পানি সমতলের নিচের ভূমিরূপের স্থানাংক এবং কোন স্থায়ী, নির্দিষ্ট ও স্থিতিচিহ্ন (Bench-Mark) সাপেক্ষে উচ্চতা সম্পর্কিত তথ্যাদি লিপিবদ্ধকরণ ও মানচিত্র প্রণয়ন।
  - ২.৩.৩ ‘হাইড্রোগ্রাফিক জরিপ’ (Hydrographic Survey) অর্থ স্থির বা প্রবাহমান পানির গভীরতা (Water Depth), পানির প্রবাহ (Water flow) ও দিক, পলি প্রবাহ ও পলির পরিমাণ, পানির গতিবেগ (Water Velocity), জোয়ার-ভাটার বিস্তৃতি, ঢেউয়ের (Waves) ধরণ এবং পানির ভৌত বৈশিষ্ট্য লিপিবদ্ধকরণ ও লেখচিত্র ইত্যাদি প্রণয়ন।

২২ ফেব্রুয়ারি ২০২৪

মেজরহুর বা ইসলাম  
সিনিয়র সহকারী সচিব  
রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড  
পলিসি রিসার্চ শাফিয়া  
পানি সম্পদ মন্ত্রণালয়

- ২.৪ ‘ডেজিং’ অর্থ কাটার সাক্ষন/ হপার ডেজার/ এক্সাভেটের দ্বারা পরিকল্পিতভাবে নদ- নদী বা অন্যান্য জলাশয়ের (খাল-বিল, হাওর-বাঁওড়, পুকুর ইত্যাদি) তলদেশ বা পানিতে নিমজ্জিত যেকোন স্থান (খাল-বিল, হাওর-বাঁওড়, জলাশয়, পুকুর ইত্যাদি) হতে সুষম স্তর ও নির্দিষ্ট প্রশস্ততায় ডেজড ম্যাটেরিয়াল অপসারণের মাধ্যমে ব্যবস্থাপনার জন্য সুনির্দিষ্ট স্থানে প্রক্রিয়াকরণ;
- ২.৫ ‘ডেজার’ অর্থ এক ধরণের নির্ধারিত বিশেষ যন্ত্র বা যান্ত্রিক জলাশান যা নদ-নদী বা অন্যান্য জলাশয়ের (খাল, বিল, হাওড়, বাঁওড় ইত্যাদি) তলদেশ বা পানিতে নিমজ্জিত যে কোন স্থান হতে সুষমস্তর ও নির্দিষ্ট প্রশস্ততায় ডেজড ম্যাটেরিয়াল অপসারণে সক্ষম;
- ২.৬ ‘ডেজড ম্যাটেরিয়াল’ অর্থ নদ-নদী বা অন্যান্য জলাশয়ের (খাল, বিল, হাওড়, বাঁওড় ইত্যাদি) তলদেশ বা পানিতে নিমজ্জিত যে কোন স্থান (খাল-বিল, হাওর-বাঁওড়, জলাশয়, দিঘি, পুকুর ইত্যাদি) হতে অপসারিত বালু/মাটি/অন্যান্য পদার্থ (প্রযোজ্য ক্ষেত্রে) ইত্যাদি;
- ২.৭ ‘ডেজিং ও ডেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা’ অর্থ নদ-নদী, খাল-বিল, হাওর-বাঁওড়, জলাশয়, পুকুর ইত্যাদি হতে ডেজিংকৃত ডেজড ম্যাটেরিয়াল অপসারণ ও সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে সরকারি/বেসরকারি স্কুল/কলেজ/মাদ্রাসা/হাটবাজার/কবরস্থান/শিশান ঘাট ইত্যাদি প্রতিষ্ঠানের ভূমি উন্নয়ন, নগরায়ন, পর্যটন ও অর্থনৈতিক এলাকা সৃষ্টি, কৃষি উন্নয়ন, বাঁধ/রাস্তা নির্মাণ এবং প্রযোজ্য ক্ষেত্রে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ;
- ২.৮ ‘ডেজিং ও ডেজড ম্যাটেরিয়াল মালিকানা’ অর্থ যে সরকারি সংস্থা/কর্তৃপক্ষ সরকারের অর্থায়নে ডেজিং কার্য বাস্তবায়িত করবে (উত্তোলিত ডেজড ম্যাটেরিয়াল যে স্থানেই রাখা হোক না কেন এর মালিকানা উক্ত সরকারি সংস্থা/কর্তৃপক্ষ-এর মালিকানাভুক্ত বিবেচিত হবে);
- ২.৯ ‘তফসিল’ অর্থ যে কোন নদ-নদী বা অন্যান্য জলাশয়ের তলদেশ হতে ডেজড ম্যাটেরিয়াল উত্তোলন এবং স্তুপীকরণের জন্য চিহ্নিত স্থানের জেলা, উপজেলা, মৌজা, খতিয়ান, দাগ, জমির শ্রেণীর তথ্যাদি বা তথ্য সম্বলিত উপাত্ত, ইনডেক্স ম্যাপ, নকশা ইত্যাদি;
- ২.১০ ‘নদ-নদী’ অর্থ বাংলাদেশের সীমানার মধ্য দিয়ে প্রবাহমান সকল নদ-নদী;
- ২.১১ ‘বাপাউবো’ অর্থ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
- ২.১২ ‘বর্জ্য ব্যবস্থাপনা’ অর্থ বর্জ্যমিশ্রিত ডেজড ম্যাটেরিয়াল সংগ্রহ, পরিবহন, অপসারণ, ব্যবহার, প্রক্রিয়াকরণ; পরিশোধন এবং বর্জ্য ব্যবস্থাপনা প্রক্রিয়া পরিবীক্ষণ ও মূল্যায়ন;
- ২.১৩ ‘বৃহদাকার খননকার্য’ (Capital Dredging) অর্থ ভরাট হয়ে যাওয়া মৃত ও মৃতপ্রায় নদ-নদীতে পরিকল্পিত এবং সামগ্রিকভাবে বড় আকারের ডেজিং কাজ;
- ২.১৪ ‘ভূমি পুনৰুদ্ধার’ অর্থ সমুদ্র, নদীর মোহনা, নদীবক্ষ, জলাভূমি বা অন্যান্য জলাশয় হতে ভূমি উক্তার এবং তা ব্যবহার উপযোগী করার প্রক্রিয়া;
- ২.১৫ ‘মোহনা’ অর্থ (Estuary) সমুদ্র, স্থলভূমি ও স্বাদুপানির সমন্বয়ে গঠিত বড় নদীর স্রোতমুখ, যেখানে স্বাদুপানি ও সামুদ্রিক লোনা পানির সমন্বয়ে একটি অন্তর্বর্তী এলাকা গঠিত হয়;
- ২.১৬ ‘মন্ত্রণালয়’ অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয় অর্থাৎ পানি সম্পদ মন্ত্রণালয়;
- ২.১৭ ‘রক্ষণাবেক্ষণজনিত খননকার্য’ (Maintenance Dredging)’ অর্থ ক্যাপিটাল ডেজিং পরবর্তী সময়ে পানি ধারণ বা প্রবাহ বিশেষত নৌ-পথসমূহের বাংসরিক ভিত্তিতে অথবা নির্দিষ্ট সময়ের মধ্যে প্রয়োজনের নিরিখে পরিকল্পিতভাবে বিভিন্ন নদ-নদী বা জলাশয়ে জমে যাওয়া বালু/পলি/মাটি/অন্যান্য পদার্থ (প্রযোজ্য ক্ষেত্রে) ইত্যাদি অপসারণ;
- ২.১৮ ‘সরকার’ অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার;
- ২.১৯ ‘সম্পদ’ অর্থ ডেজড ম্যাটেরিয়াল হতে প্রাপ্ত সকল সম্পদ;

২.২০ ‘স্থানীয় কর্তৃপক্ষ’ অর্থ বিভাগীয় প্রশাসন, জেলা প্রশাসন, উপজেলা প্রশাসন এবং সমষ্টি পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটি সংশ্লিষ্ট দপ্তরসমূহ;

### ৩.০ ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা নীতিমালার লক্ষ্য:

- ৩.১ দেশের বেশির ভাগ নদ-নদী, খাল-বিল, হাওর, বাঁওড়, জলাশয়, পুকুর ভরাট হয়ে যাওয়ার পরিপ্রেক্ষিতে ড্রেজিং আশু ও অত্যাবশ্যক হয়ে পড়ায় দেশের সকল নদ-নদী, খাল-বিল, হাওর-বাঁওড়, জলাশয়সমূহকে সমষ্টি উপায়ে সচল রাখার জন্য ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনা করাসহ সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- ৩.২ নদ-নদী, খাল-বিল, হাওর-বাঁওড়, জলাশয় হতে উত্তোলিত ড্রেজড ম্যাটেরিয়াল সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে পানির স্বাভাবিক প্রবাহ নিশ্চিত করা এবং পানি সম্পদের সুষম প্রাপ্তি ও ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে জাতীয় পানি নীতি ১৯৯৯, বাংলাদেশ পানি আইন ২০১৩ ও বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ এর সঙ্গে সঙ্গতিপূর্ণ ও সমুদয় উদ্দেশ্য অর্জনে পরিপূরক ব্যবস্থা গ্রহণ;
- ৩.৩ এ নীতিমালার নির্দেশনা অনুসারে ড্রেজিং পরিচালনা ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা।

### ৪.০ ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা নীতিমালার উদ্দেশ্য:

- ৪.১ ড্রেজিং কাজে নিয়োজিত পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন সকল সংস্থা ও সংস্থার সাথে জড়িত প্রতিষ্ঠানসমূহকে সামগ্রিক দিক-নির্দেশনা প্রদান;
- ৪.২ মৃত ও মৃতপ্রায় নদ-নদীসহ দেশের সকল নদ-নদী এবং জলাশয়ের স্বাভাবিক প্রবাহ ফিরিয়ে আনাসহ টেকসই উন্নয়ন ও উন্নত পরিবেশের স্বার্থে নদ-নদী-জলাশয় পুনরুজ্জীবিত করার লক্ষ্যে বৃহদাকার খননের অভিন্ন ও সুস্পষ্ট রূপরেখা প্রদান;
- ৪.৩ নদ-নদীসমূহের গঠন-শৈলী ও গতিপথ (River Morphology) অপরিবর্তিত রেখে পানির স্বাভাবিক প্রবাহ ও গভীরতা বজায় রাখার লক্ষ্যে এবং নদী ভাঙান রোধকল্পে পলি ভরাট হওয়া অংশে নিয়মিত বিরতিতে ‘রক্ষণাবেক্ষণজনিত খনন’ (Maintenance Dredging) কর্মসূচি পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে দিক-নির্দেশনা প্রদান;
- ৪.৪ ড্রেজিংয়ের মাধ্যমে উত্তোলিত বিপুল পরিমাণ ড্রেজড ম্যাটেরিয়াল নির্বিঘ্নে ও নিরাপদে স্থুপীকরণ, স্থানান্তর, ব্যবস্থাপনা ইত্যাদির রূপরেখা প্রদান;
- ৪.৫ ভূমি পুনরুদ্ধার, পর্যটন ও শিল্প এলাকা সৃষ্টিকরণ, কৃষি জমির পরিমাণ বৃদ্ধিকরণ, উদ্বাস্তু পুনর্বাসন, পরিকল্পিত আবাসন ও নগরায়ন, নির্মাণ উপকরণ হিসেবে ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবহারের সামগ্রিক দিক-নির্দেশনা প্রদান;
- ৪.৬ ড্রেজিংয়ের প্রভাব হতে জলজ প্রতিবেশ ব্যবস্থা (Aquatic Ecosystem) ও বিভিন্ন জলজ প্রাণীর প্রজননক্ষেত্র ও আবাসস্থল সুরক্ষায় প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান;
- ৪.৭ ড্রেজিং প্রক্রিয়ায় প্রাপ্ত বিষাক্ত/দূষিত বর্জ্যমিশ্রিত (প্রযোজ্য ক্ষেত্রে) ড্রেজড ম্যাটেরিয়াল অপসারণ, ব্যবহার, প্রক্রিয়াকরণ ও ব্যবস্থাপনার দিক-নির্দেশনা প্রদান;
- ৪.৮ স্থানীয় চাহিদার ভিত্তিতে উত্তোলিত ড্রেজড ম্যাটেরিয়ালের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ;
- ৪.৯ ড্রেজিং-এর মাধ্যমে প্রাকৃতিক জলাধারসমূহে পানি প্রাপ্তি/প্রবাহের বাঁধা দূর করা।



মেহরুব্বা ইসলাম  
সিনিয়র সহকারী সচিব  
রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড  
পলিসি রিসার্চ শাখা  
পানি সম্পদ মন্ত্রণালয়

## ৫.০ ড্রেজিং পরিচালনার ক্ষেত্রে অনুসরণীয় :

দেশের নদ-নদী, খাল-বিল, হাওর-বাঁওড়, পুকুর-জলাশয়ে পানির স্বাভাবিক প্রবাহ বজায় রাখার লক্ষ্যে প্রয়োজনের নিরিখে ‘বৃহদাকার খননকার্য’ (Capital Dredging) ও ‘রক্ষণাবেক্ষণজনিত খননকার্য’ (Maintenance Dredging) পরিচালনা করা।

## ৫.১ ক্যাপিটাল ড্রেজিং পরিচালনার উদ্দেশ্য :

ক্যাপিটাল ড্রেজিংয়ের আওতায় নদী বক্ষে জমাকৃত পলি অপসারণের মাধ্যমে নদী ব্যবস্থাপনা, নদ-নদী পুনরুজ্জীবিতকরণে সরকারের অনুসৃত নীতি:

- ৫.১.১ সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনাসহ বন্যা, খরা, জলাবদ্ধতা, নদ-নদী-জলাশয় ভরাট এবং নদী তীর ভাঙ্গন প্রতিরোধ করা;
- ৫.১.২ নিবিড় অনুসন্ধান, সমন্বিত সমীক্ষা, গবেষণা ও সংলাপের ভিত্তিতে সারাদেশের সকল নদী প্রগালী পর্যায়ক্রমিকভাবে ক্যাপিটাল ড্রেজিং কার্যক্রমের আওতায় আনা;
- ৫.১.৩ ক্যাপিটাল ড্রেজিংয়ের প্রকল্প প্রস্তাব প্রণয়নের পূর্বে আবশ্যিকভাবে ‘কারিগরি/ সম্ভাব্যতা সমীক্ষা’ (Technical/Feasibility study) সম্পন্নকরণ;
- ৫.১.৪ ক্যাপিটাল ড্রেজিং পরিচালনার পূর্বে সম্পাদিত সম্ভাব্যতা সমীক্ষায় ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনার দিক-নির্দেশনা, এতদসংক্রান্ত ব্যয়, ড্রেজড ম্যাটেরিয়ালের পরিকল্পিত ব্যবহার, ড্রেজিং কার্যক্রমের দীর্ঘ মেয়াদি প্রভাব সম্পর্কিত সুস্পষ্ট সুপারিশমালা প্রদান ও কর্মপরিকল্পনা প্রণয়ন;
- ৫.১.৫ ক্যাপিটাল ড্রেজিং প্রকল্প প্রণয়নকালে পরিশিষ্ট - ‘ক’ অনুসরণপূর্বক তথ্য উপাত্ত সংযোগকরণ বাধ্যতামূলক (সংযুক্ত পরিশিষ্ট - ‘ক’)

## ৫.২ মেইনটেন্যান্স ড্রেজিং পরিচালনার উদ্দেশ্য :

- ৫.২.১ ক্যাপিটাল ড্রেজিংকৃত নদ-নদী/জলাশয়ের নাব্যতা রক্ষায় সুস্পষ্ট সুপারিশমালা ও কর্মপরিকল্পনার ভিত্তিতে মেইনটেন্যান্স ড্রেজিং পরিচালনা;
- ৫.২.২ মেইনটেন্যান্স ড্রেজিংয়ের ব্যয় বাজেটে অন্তর্ভুক্ত রাখা।

## ৫.৩ নিষ্কাশন (ড্রেনেজ) ব্যবস্থাপনায় অনুসরণীয় :

- ৫.৩.১ ড্রেজড ম্যাটেরিয়াল স্তুপীকরণ ও ব্যবস্থাপনায় প্রাকৃতিক নিষ্কাশন ব্যবস্থাকে বীধাগ্রস্ত না করা;
- ৫.৩.২ সমগ্র দেশের নিষ্কাশন (ড্রেনেজ) ব্যবস্থা সচল রাখার স্বার্থে বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ এর বিধি ১৩ এর আলোকে ছাড়পত্র গ্রহণ;
- ৫.৩.৩ স্তুপীকৃত ড্রেজড ম্যাটেরিয়াল হতে নিষ্কাশিত পানি দ্বারা প্রাকৃতিক পরিবেশ-প্রতিবেশকে ক্ষতিগ্রস্ত না করা।

মেহরবা ইসলাম  
সিনিয়র সহকারী সচিব  
রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড  
পলিসি রিসার্চ শাখা  
পানি সম্পদ মন্ত্রণালয়

#### ৫.৮ ক্রতিপয় ক্ষেত্রে ড্রেজিং নিষিদ্ধ :

- ৫.৮.১ অপরিকল্পিতভাবে ড্রেজিং করা যাবে না;
- ৫.৮.২ নদ-নদী, খাল-বিল, হাওর-বাঁওড়, জলাশয়-পুকুর হতে সরকারের অনুমোদনবিহীন মেশিন চালিত যন্ত্র ব্যবহার করে ড্রেজিং করা যাবে না;
- ৫.৮.৩ বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১নং আইন) (সংশোধিত ২০১০) এর অধীনে প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা (Environmentally Critical Areas) হিসেবে ঘোষিত হলে ড্রেজিং করা যাবে না;
- ৫.৮.৪ সেতু, কালভার্ট, ড্যাম, ব্যারেজ, বাঁধ, সড়ক, মহাসড়ক, বন, রেললাইন, চা বাগান, পাহাড়, টিলা ও অন্যান্য গুরুত্বপূর্ণ সরকারি ও বেসরকারি স্থাপনার ১ কিলোমিটার এর মধ্যে বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক ঘোষিত নির্ধারিত সীমানার মধ্যে ড্রেজিং কার্যক্রম পরিচালনা করা যাবে না; তবে সরকার, জনস্বার্থে প্রয়োজনীয় বিবেচনায় সরকারি আদেশ দ্বারা সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক, উল্লিখিত কোন বিষয়ে উক্ত শর্ত শিথিল করতে পারবে;
- ৫.৮.৫ ড্রেজড ম্যাটেরিয়াল উত্তোলন বা ড্রেজিংয়ের ফলে কোন নদীর তীর অথবা নদীর তীরবর্তী স্থান ভাঙ্গনের শিকার হতে পারে এইরূপ ক্ষেত্রে ড্রেজিং করা যাবে না;
- ৫.৮.৬ ড্রেজিংয়ের ফলে কোন স্থানে স্থাপিত কোন গ্যাস-লাইন, বিদুৎ-লাইন, পয়ঃনিষ্কাশন লাইন বা অন্য কোন গুরুত্বপূর্ণ লাইন বা তদসংশ্লিষ্ট স্থাপনা ক্ষতিগ্রস্ত হবার আশঙ্কা থাকলে ড্রেজিং করা যাবে না;
- ৫.৮.৭ বাপাউবো'র আওতাধীন ও পরিকল্পনাধীন সেচ, পানি নিষ্কাশন, বন্যা নিয়ন্ত্রণ বা নদীভাঙ্গন রোধকল্পে নির্মিত অবকাঠামো সংলগ্ন এলাকা; নদী ভাঙ্গন বা নদীর গতিপথ পরিবর্তন হবার আশঙ্কাজনিত স্থলে ড্রেজিং করা যাবে না;
- ৫.৮.৮ চা বাগান, টিলা ও পাহাড়ের ক্ষতির সম্ভাবনা থাকলে ড্রেজিং করা যাবে না;
- ৫.৮.৯ নদীর ভূ-প্রাকৃতিক পরিবেশ, মৎস্য, জলজ প্রাণি বা উদ্ভিদ বিনষ্ট হবার আশঙ্কা থাকলে, মাছের আবাসস্থল/বিচরণক্ষেত্র এবং প্রজননকালে মা-মাছের নিরাপদে ডিম ছাড়ার স্থান (প্রজননক্ষেত্র) ধ্বংস/বিনষ্ট হবার আশংকা থাকলে অথবা মাছের প্রজননক্ষেত্রে কোনরূপ নেতৃবাচক প্রভাব পড়লে বা পড়ার আশংকা থাকলে ড্রেজিং করা যাবে না;
- ৫.৮.১০ এই নীতিমালার উদ্দেশ্য পূরণকল্পে, সরকার কর্তৃক সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা, নির্ধারিত এলাকা বা সীমানা বা বিধি-নিষেধের আওতাভুক্ত হয় এরূপ এলাকায় ড্রেজিং করা যাবে না।

#### ৬.০ ড্রেজড ম্যাটেরিয়াল উত্তোলন :

ড্রেজড ম্যাটেরিয়াল উত্তোলনের লক্ষ্যে জরিপ সম্পাদনের ক্ষেত্রে করণীয়:

- ৬.১ সমীক্ষা, হাইড্রোগ্রাফিক/ব্যাথিমেট্রিক জরিপ এবং অনুমোদিত নকশার ভিত্তিতে ড্রেজড ম্যাটেরিয়াল উত্তোলনের নিমিত্ত ড্রেজিংয়ের এলাকা চিহ্নিতকরণ, চিহ্নিত স্থানে উত্তোলনযোগ্য ড্রেজড ম্যাটেরিয়ালের পরিমাণ নির্ণয় করাসহ ড্রেজিংলক্ষ ম্যাটেরিয়াল নিষ্কেপণ/স্তুপীকরণের স্থান তফসিলসহ ম্যাপে উল্লেখ করা;
- ৬.২ ঘোষ প্রি-ওয়ার্ক জরিপ (হাইড্রোগ্রাফিক/ব্যাথিমেট্রিক) আয়োজনপূর্বক রেকর্ড সংরক্ষণের ভিত্তিতে ড্রেজিং শুরু করা;

- ৬.৩ জেলা সমন্বিত পানিসম্পদ ব্যবস্থাপনা কমিটি নিয়মিত ড্রেজিং কার্যক্রম তদারকি করাসহ প্রযোজ্যক্ষেত্রে ড্রেজিং এর ফলে নদীপথ বা নদীর গতি প্রকৃতি, পরিবেশ-প্রতিবেশ, জনস্বার্থ বা সম্পদের উপর কোনরূপ ইতিবাচক/নেতিবাচক প্রভাব লক্ষ্যণীয় হলে এতদসংক্রান্ত কারিগরি/সামাজিক প্রতিবেদন সুপারিশসহ মন্ত্রণালয়ে প্রেরণ করা।

#### ৭.০ ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা:

ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনায় অনুসরণীয়:

- ৭.১ প্রাকৃতিকভাবে এবং বন্যাজনিত পললায়নের ফলে নদ-নদী-জলাশয় আংশিক পুনঃভরাট হ্বার আশঙ্কা থাকে বিধায় প্রতি বছর মেইনটেন্যান্স ড্রেজিং কার্যক্রম পরিচালনা এবং ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনার জন্য সুনির্ধারিত কর্মপরিকল্পনা নির্ধারণ করা;
- ৭.২ নদী তীর ও প্লাবনভূমির প্রকৃতি (উঁচু ও নীচু জমি, জলাভূমি, প্লাবনভূমির সাথে খালের/ছোটনদীর সাহায্যে ড্রেজিংয়ের জন্য বিবেচ্য নদীর সংযোগ ইত্যাদি) এবং জীববৈচিত্র্য ও প্রতিবেশ অক্ষুন্ন রাখা;
- ৭.৩ উত্তোলিত ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনাকালে কৃষিজমি, জলাভূমি ও জলাধার ক্ষতিগ্রস্ত না করা;
- ৭.৪ ড্রেজড ম্যাটেরিয়ালের দ্বারা ভূমি উন্নয়নের লক্ষ্যে প্রযোজ্যক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করা;
- ৭.৫ শুধুমাত্র ভূমি পুনরুদ্ধার কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে আবশ্যিকভাবে সমীক্ষা সম্পন্ন করতঃ নদীর স্বাভাবিক প্রবাহ বিস্থিত না করে অনুমোদিত নকশা ম্যাপ অনুসারে নির্ধারিত স্থানটি ড্রেজড ম্যাটেরিয়াল দ্বারা ভরাট করা;
- ৭.৬ নদী তীর ক্ষতিগ্রস্ত না করে ড্রেজড ম্যাটেরিয়াল সরকারি খাস জমিতে স্তুপ করা অথবা সরকারি জমি না পাওয়া গেলে পরিস্থিতি বিবেচনায় ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা ও মনিটরিং কমিটির সিদ্ধান্তের আলোকে বেসরকারি জমিতে-ক্ষতিপূরণ প্রদান/ভাড়া গ্রহণ/হারাহারি অথবা অংশীদারিত্বের ভিত্তিতে ব্যবহার করা;
- ৭.৭ ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবহার করে নদী বা খালের উভয়তীরে মাটির বাঁধ বা সমরূপ প্রতিরক্ষা ব্যবস্থা গড়ে তোলা;
- ৭.৮ ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা ও মনিটরিং কমিটির অনুমোদন সাপেক্ষে এবং আগ্রহী সংস্থার আবেদনের ভিত্তিতে প্রযোজ্যক্ষেত্রে নির্ধারিত মূল্য প্রদান সাপেক্ষে উত্তোলিত ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবহারের অনুমতি প্রদান করা;

#### ৮.০ বিরোধ নিষ্পত্তি:

এ নৈতিমালা বাস্তবায়নে গৃহীত কার্যাবলি অন্য কোন মন্ত্রণালয়ের কার্যাবলির সাথে সাংঘর্ষিক হলে বা কোন মতবিরোধ দেখা দিলে পানি সম্পদ মন্ত্রণালয়ের উদ্যোগে আন্তঃমন্ত্রণালয় সভার মাধ্যমে জরুরি ভিত্তিতে তা সমাধান করতে হবে।

মেহরচৰা ইসলাম  
সিনিয়র সহকারী সচিব  
রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড  
পলিসি রিসার্চ শাখা  
পানি সম্পদ মন্ত্রণালয়

**৯.০ ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা ও মনিটরিং কমিটি:**

**৯.১ ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনার লক্ষ্য নিম্নোক্তভাবে ‘ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা ও মনিটরিং কমিটি’ গঠন করা হবে:**

(১)	সংসদ সদস্য (সংশ্লিষ্ট নির্বাচনী এলাকা)/ পার্বত্য জেলাসমূহে জেলা পরিষদের চেয়ারম্যান	উপদেষ্টা
(২)	জেলা প্রশাসক	সভাপতি
(৩)	পুলিশ সুপার	সদস্য
(৪)	প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ	সদস্য
(৫)	অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/এল এ) - ১ জন (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	সদস্য
(৬)	উপজেলা নির্বাহী কর্মকর্তা (সংশ্লিষ্ট উপজেলা)	সদস্য
(৭)	উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	সদস্য
(৮)	উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর	সদস্য
(৯)	জেলা মৎস্য কর্মকর্তা	সদস্য
(১০)	জেলা বন কর্মকর্তা	সদস্য
(১১)	নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	সদস্য
(১২)	নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর	সদস্য
(১৩)	নির্বাহী প্রকৌশলী, গণপুর্ত অধিদপ্তর	সদস্য
(১৪)	নির্বাহী প্রকৌশলী, জেলা পরিষদ	সদস্য
(১৫)	নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	সদস্য
(১৬)	নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন	সদস্য
(১৭)	নির্বাহী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (যদি থাকে)	সদস্য
(১৮)	নির্বাহী প্রকৌশলী, সিটি কর্পোরেশন (যদি থাকে)	সদস্য
(১৯)	নির্বাহী প্রকৌশলী, পৌরসভা (যদি থাকে)	সদস্য
(২০)	নির্বাহী প্রকৌশলী, বিআইডিইউটিএ (যদি থাকে)	সদস্য
(২১)	বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের প্রতিনিধি	সদস্য
(২২)	পানি সম্পদ পরিকল্পনা সংস্থার প্রতিনিধি	সদস্য
(২৩)	বিসিক এর জেলা পর্যায়ের প্রতিনিধি - ১ জন	সদস্য
(২৪)	জেলা চেম্বার অফ কর্মাস এর প্রতিনিধি - ১ জন	সদস্য
(২৫)	এনজিও প্রতিনিধি- ১ জন (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	সদস্য
(২৬)	জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা	সদস্য
(২৭)	নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড	সদস্য-সচিব

উক্ত কমিটিতে প্রয়োজনে সদস্য কো-অপ্ট করা যাবে।

মেহরুবা ইসলাম  
সিনিয়র সহকারী সচিব  
রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড  
পলিসি রিসার্চ শাখা  
পানি সম্পদ মন্ত্রণালয়

**৯.২ কমিটির দায়িত্ব ও কার্যাবলি নিরূপ হবে:**

- ৯.২.১ ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা ও মনিটরিং কমিটি বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ এর ১৪ বিধিমতে গঠিত “জেলা সমৰ্থিত পানিসম্পদ ব্যবস্থাপনা কমিটি”কে সার্বিক সহযোগিতা প্রদান;
- ৯.২.২ নির্ধারিত স্থান হতে উত্তোলিত ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনায় সহযোগিতা প্রদান ও তফসিল অনুযায়ী ব্যবস্থা গ্রহণ, যেমন- ড্রেজড ম্যাটেরিয়াল উত্তোলন কার্যক্রম তদারকি, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সুপারিশ প্রদান, ড্রেজড ম্যাটেরিয়াল সংরক্ষণের স্থান নির্ধারণ;
- ৯.২.৩ নদ-নদী ড্রেজিংয়ের ফলে পরিবেশ-প্রতিবেশের উপর সম্ভাব্য প্রভাব নিরূপণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ প্রদান;
- ৯.২.৪ মা মাছের প্রজনন সময়ে মাছের আবাসস্থল/বিচরণক্ষেত্র/ অভয়াশ্রম/ প্রজননক্ষেত্রসমূহে নদ-নদী ড্রেজিং বন্ধ রাখার কার্যক্রম বিবেচনাধীন রাখা;
- ৯.২.৫ নদীর গতিপথের পরিবর্তন পর্যবেক্ষণ এবং এর ফলে নদী তীরবর্তী জনসাধারণ ক্ষতিগ্রস্ত হচ্ছে কিনা তা পর্যালোচনা করা;
- ৯.২.৬ নৌ-পথে নৌযান চলাচলের সুগম রাখার প্রয়োজনীয় ব্যবস্থা এবং সুপারিশ প্রদান;
- ৯.২.৭ আন্তঃনদী সংযোগ স্থানসমূহ চিহ্নিতকরণ এবং খননের মাধ্যমে সচল রাখা;
- ৯.২.৮ নদ-নদী ড্রেজিংয়ের ফলে বৌধ, স্থাপনা বা অবকাঠামো ক্ষতিগ্রস্ত হচ্ছে কিনা বা ক্ষতিগ্রস্ত হবার সম্ভাবনা রয়েছে কিনা তা পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ প্রদান;
- ৯.২.৯ কমিটির অনুমোদন সাপেক্ষে অথবা আগ্রহী সংস্থার আবেদনের ভিত্তিতে অথবা বেসরকারি জমিতে ক্ষতিপূরণ প্রদান/ভাড়া গ্রহণ/অংশীদারিত্বের ভিত্তিতে তদন্তে সাময়িকভাবে স্থুপীকৃত ড্রেজড ম্যাটেরিয়াল সংক্রান্ত বিষয়সমূহ নিষ্পত্তিকরণ এবং স্থানীয় দর অনুসারে ড্রেজড ম্যাটেরিয়ালের মূল্য নির্ধারণ, বিক্রি ও বিক্রয়লক্ষ অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান;
- ৯.২.১০ কমিটির অনুমোদন সাপেক্ষে অথবা আগ্রহী সংস্থার আবেদনের ভিত্তিতে অথবা স্থানীয় জনগণের সমষ্টিকৃত চাহিদার আলোকে রাস্তাঘাট, খেলার মাঠ ভরাট ও অন্যান্য জনগুরুত্বপূর্ণ কাজে ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবহারের সিদ্ধান্ত প্রদান;
- ৯.২.১১ খাল-বিল, হাওর-বাঁওড়, পুকুর-জলাশয় খননের উদ্যোগ প্রক্রিয়াকরণ ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনায় সহযোগিতা প্রদান;

১০.০০ এই নীতিমালার উদ্দেশ্যপূরণকল্পে সরকার প্রয়োজন অনুসারে পরিস্থিতি বিবেচনায় নীতিসমূহ সংশোধন, বিয়োজন, পরিবর্তন, পরিমার্জন করতে পারবে।

\*\*\*\*\*  
মোহাম্মদ শারিফুল ইসলাম  
সিনিয়র সহকারী সচিব  
রিহার্ম ম্যানেজমেন্ট এন্ড  
পলিসি রিসার্চ শাখা  
পানি সম্পদ মন্ত্রণালয়

পরিশিষ্ট - 'ক'

ক্যাপিটাল ডেজিং প্রকল্প প্রণয়নকালে নিম্নের তথ্য উপাত্ত সংযুক্তকরণ বাধ্যতামূলক

- (ক) ডেজিং কাজের সুনির্দিষ্ট উদ্দেশ্য;
- (খ) হাইড্রোগ্রাফিক/ব্যাথিমেট্রিক জরিপের মাধ্যমে নদীর সেকশন, নদীর তলদেশের গঠন প্রকৃতি, ডেজিং স্থানের অবস্থান ও বিস্তৃতি, অনুমোদিত নকশা অনুযায়ী ডেজিং কাজের পরিমাণ;
- (গ) নদী তীরবর্তী স্থানের স্থাপনা যথাযথভাবে প্রদর্শনপূর্বক দুই তীরের ইনডেক্স ম্যাপ ও ডেজড ম্যাটেরিয়াল নিক্ষেপের উপযুক্ত স্থান প্রদর্শন করতঃ প্রণীত ম্যাপ ও সাইট প্ল্যান;
- (ঘ) ডেজিংকৃত স্থানের মাটির ধরণ, গুণগতমান, পানির গুণগতমান, খনিজ সম্পদের (Mineral Resources) প্রাপ্যতা, পলির ধরণ ইত্যাদি উল্লেখ করা;
- (ঙ) ডেজিং এর ফলে প্রাপ্ত ডেজড ম্যাটেরিয়াল নদ/নদী/জলাশয়ের পাড় হতে স্তুপিকরণের সর্বনিম্ন দূরত্ব কারিগরি সমীক্ষার মাধ্যমে নির্ধারিত হয়েছে এরূপ প্রমাণক সংযুক্তকরণ (উল্লেখ্য, ডেজিং স্থান হতে ডেজড ম্যাটেরিয়াল ফেলার দূরত্ব অবশ্যই নদীর পাড় হতে নিরাপদ দূরত্বে হবে, প্রযোজ্য ক্ষেত্রে কমপক্ষে ১০০০ মিটার দূরে হতে হবে);
- (চ) ডেজিং কার্যক্রম পরিচালনার সময় ও মেয়াদকাল, পরিবেশ ও প্রতিবেশ বিশেষ করে মাছ ও অন্যান্য জলজ প্রাণীর আবাসস্থল ও প্রজনন ক্ষেত্রের ওপর ডেজিং কাজের সম্ভাব্য প্রভাব সম্পর্কিত সমীক্ষালক্ষ তথ্যাদি, পরিবেশ ও প্রতিবেশের ওপর সম্ভাব্য ক্ষতিকর প্রভাব দূরীকরণের কর্মপরিকল্পনা;
- (ছ) সরকার ঘোষিত জলমহাল/বালুমহাল অবস্থিত এরূপ নদ/নদী/জলাশয়ে ক্যাপিটাল ডেজিং সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বিদ্যমান নীতিমালা অনুসরণ করা হয়েছে এরূপ প্রমাণক;



মেহরুব্বা ইসলাম  
সিনিয়র সহকারী সচিব  
রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড  
পলিমি রিসার্চ শাখা  
পানি সম্পদ মন্ত্রণালয়